# উপজেলা পরিষদ কার্যালয়
## পলাশ, নরসিংদী।

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## পলাশ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ সৈয়দ জাবেদ হোসেন।
চেয়ারম্যান , পলাশ উপজেলা পরিষদ, নরসিংদী।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, পলাশ, নরসিংদী।

সভার তারিখ ও সময় ঃ ১২-০৭-২০২১ খ্রিঃ, সকাল ১১.৩০ ঘটিকা।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ

| উপস্থিত সদস্যগণের তালিকা | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী। | ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৫. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ১৬. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৪. | চেয়ারম্যান, জিনারদী ইউনিয়ন পরিষদ। | ১৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৫. | চেয়ারম্যান, ডাংগা ইউনিয়ন পরিষদ। | ১৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৬. | চেয়ারম্যান, চরসিন্দুর ইউনিয়ন পরিষদ। | ১৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৭. | চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ। | ২০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৮. | রাহেলা বেগম অনু ,সদস্য, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী। | ২১. | উপজেলা সমবায় কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ৯. | উপজেলা স্বাস্থ্য ও প.প.কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২২. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,পলাশ, নরসিংদী। |
| ১০. | উপজেলা কৃষি কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৩. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), পলাশ, নরসিংদী। |
| ১১. | উপজেলা প্রকৌশলী, পলাশ, নরসিংদী। | ২৪. | উপজেলা বন কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| ১২. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৫. | উপজেলা সমন্বয়কারী (এবাএখা), পলাশ, নরসিংদী। |
| ১৩. | উপজেলা মৎস্য কর্মকর্তা, পলাশ, নরসিংদী। | ২৬. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে, উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, সভা পরিচালনা করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নে বর্ণিত বিষয় সমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২। বিভাগীয় আলোচনা ঃ | উপজেলা কৃষি কর্মকর্তা ঃ উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, অত্র উপজেলায় চলতি খরিপ-২/২০২০ মৌসুমে আমন ধান আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩৫৫০ হেক্টর। ইতিমধ্যেই ৬০ হেক্টর বীজতলা সম্পন্ন হয়েছে। আদর্শ বীজতলা করতে কৃষকদের উদ্বুদ্ধকরণ করা হচ্ছে। আউস আবাদ হয়েছে ২৫ হেক্টর । আমন মৌসুমে ৩০টি বীজ উৎপাদন প্রদর্শনী বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। ভার্মিকম্পোস্ট (কেঁচো সার) উৎপাদনে কৃষকদের উৎসাহিত ও প্রদর্শনী বাস্তবায়ন করা হচ্ছে । গ্রীষ্মকালীন শাকসব্জী আবাদ হয়েছে ৪১০ হেক্টর এবং ফলন গড়ে ২০ টন/হেক্টর। বিষমুক্ত শাকসব্জী উৎপাদনে কৃষকদের সেক্স ফেরোমন ফাঁদ, হলুদ ফাঁদ ও জৈব বালাইনাশক ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে। বিটি বেগুণ প্রদর্শনী বাস্তবায়নসহ চাষাবাদে কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে । বিভিন্ন প্রকার রাসায়নিক সারের সরবরাহ ও মূল্য পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে তিনি সভায় জানান। | কৃষি বিষয়ে কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখার এবং এলাকায় নির্ধারিত ব্লকে উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের নিয়মিত পরিদর্শন করার অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, পলাশ, নরসিংদী। |
| | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ঃ সভায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় বিভিন্ন ইউনিয়ন থেকে বরাদ্দের তুলনায় ভাতাভোগীর সংখ্যা কম পাওয়া যাচ্ছে। তিনি এ কর্মসূচির আওতায় ভাতা প্রাপ্তির বিষয়ে ইউনিয়ন পর্যায়ে আরও ব্যাপক প্রচারণার জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় বিভিন্ন ইউনিয়ন থেকে বরাদ্দের তুলনায় ভাতাভোগীর সংখ্যা কম পাওয়া যাচ্ছে বিধায় বিষয়টি ইউনিয়ন পর্যায়ে আরও ব্যাপক প্রচারণার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ইউপি চেয়ারম্যান, (সকল), পলাশ, নরসিংদী। |

<table>
<tr><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, অত্র দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে। চলতি মাসে গবাদি পশুর জাত উন্নয়নের লক্ষ্যে ৫৪০টি গাভীকে কৃত্রিম প্রজনন করানো হয়েছে এবং উন্নত জাতের বাচ্চা উৎপাদিত হয়েছে ২৪৪ টি। প্রাণিজ আমিষের চাহিদা পূরণের লক্ষ্যে চলতি মাসে অত্র উপজেলায় ৪৯,০০,০০০টি ডিম, ২৬০০০ মেট্রিক টন দুধ এবং ২৩০০০ মেট্রিক টন মাংস উৎপাদিত হয়েছে। এছাড়া অত্র দপ্তরে চলতি মাসে ৩৮২৪ টি গবাদি পশু ও ৬৩৫০০ টি হাঁস-মুরগীকে টিকা প্রদান এবং ১৬৭৮ টি গবাদি পশু ও ২৩১৫৬ টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে।</td><td>প্রাণি সম্পদ বিভাগের মাঠ পর্যায়ের কর্মচারীদের মাধ্যমে প্রাণি সম্পদ উন্নয়ন কল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধ করার অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,পলাশ, নরসিংদী।</td></tr>
<tr><td></td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, করোনা পরবর্তী সরকারি নির্দেশনা মোতাবেক ইউনিয়ন পর্যায়ে ভ্রাম্যমান ইমপ্লানন ক্যাম্প এবং স্যাটেলাইট ক্লিনিকসহ মাঠ পর্যায়ে বাড়ী পরিদর্শন স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br>বিগত জুন/২০২০ মাস পর্যন্ত অগ্রগতি<br><table><tr><th>মোট সক্ষম দম্পত্তি</th><th>মোট পদ্ধতি গ্রহণকারী</th><th>পদ্ধতি গ্রহণকারীর হার</th></tr><tr><td>৪২,৯৩৮ জন</td><td>৩২,৬৭৯ জন</td><td>৭৫.৮৭ %</td></tr></table></td><td>বিভাগীয় স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা , পলাশ, নরসিংদী।</td></tr>
<tr><td></td><td>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ঃ সভায় উপজেলা তথ্যসেবা কর্মকর্তা জানান, তার প্রকল্পের কাজ হচ্ছে সুবিধাবঞ্চিত নারীদের তথ্যসেবা ভিত্তিক সহায়তা প্রদানের মাধ্যমে নারীর ক্ষমতায়ন প্রতিষ্ঠা করা। এছাড়া অন্যান্য কার্যক্রমের মধ্যে রয়েছে সুবিধা বঞ্চিত নারীদেরকে বিনামূল্যে ইন্টারনেট ভিত্তিক সেবা প্রদান করা। যেমন- অনলাইনের মাধ্যমে পরীক্ষার আবেদন, ভর্তিও আবেদন, চাকুরীর আবেদন ইত্যাদি। এছাড়া রয়েছে স্বাস্থ্য সেবা প্রদান যেমন- বিনামূল্যে ডায়বেটিস ও রক্তচাপ পরীক্ষা, উচ্চতা নির্ণয় ইত্যাদি। এছাড়া প্রতিটি ইউনিয়নের প্রত্যেকটি ওয়ার্ডে উঠান বৈঠকের মাধ্যমে নারীদের বিভিন্ন সমস্যার কথা শুনে সেগুলো সমাধানের জন্য পরামর্শ প্রদান করা। উঠান বৈঠকগুলোতে বিভিন্ন সময়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা সহ অন্যান্য বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগনও উপস্থিত তাকেন। তিনি জানান, যে কোন সুবিধা বঞ্চিত নারী তার কার্যালয়ে এসে উল্লেখিত সেবাসমূহ গ্রহণ করতে পারেন। এ বিষয়ে প্রচারের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানান।</td><td>এ বিষয়ে প্রচারের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণের প্রতি অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান (সকল), পলাশ, নরসিংদী।</td></tr>
<tr><td>৩। বিবিধ ঃ</td><td>উপজেলা পরিষদ আবাসিক এলাকার বিভিন্ন কোয়াটার, ডরমেটরি ও উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির পাম্প রক্ষনাবেক্ষণ/মেরামত সংক্রান্ত আলোচনা ঃ সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান জানান, উপজেলা পরিষদ আবাসিক এলাকার কোয়াটার নং- পি/১, পি/৩, পি/৪, উপজেলা ডরমেটোরি ও উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের পানির পাম্পসমূহ বেশ কিছুদিন যাবৎ অকেজো হয়ে পড়ায় সংশ্লিষ্ট অফিস, ডামেটোরি ও কোয়াটার সমূহে পানির অভাবে সকলেরই কষ্টভোগ করতে হচ্ছে। সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, ০৫ টি পাম্প অকেজো হয়ে পড়েছে। পাম্পগুলো স্থানীয় পাম্প মিস্ত্রিকে দেখানো হলে মিস্ত্রি জানান যে, পানির লেয়ার নিচে চলে যাওয়ায় এবং পাম্পগুলো দীর্ঘদিন যাবৎ ব্যবহার করা হয়েছে বলে পাম্পগুলোর মুখে আয়রনের স্তর জমাট বেধে গিয়েছিল । ঝড়ের সময় হঠাৎ বিদ্যুৎ চমকানোর সময় পাম্প চালু থাকার কারণে পাম্পগুলোর মটরের কয়েল পুড়ে গিয়ে পানি সরবরাহ বন্ধ হয়ে গেছে। এমতাবস্থায়, বিষয়টি জরুরী বিবেচনায় ৫টি সোয়া ইঞ্চি সাবমারসিবল পাম্প স্থানীয়ভাবে ক্রয় করে স্থাপনের ব্যবস্থা নেয়া যেতে পারে। এতে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন।<br><br>উপজেলা নির্বাহী অফিসার এর বাসভবন মেরামত ও রং কাজ করা সংক্রান্ত আলোচনা ঃ সভায় উপজেলা চেয়ারম্যান জানান, নবযোগদানকৃত উপজেলা নির্বাহী অফিসার, পলাশ, নরসিংদী জনাব ফারহানা আফসানা চৌধুরী, পিএএ এর বাসভবনে জরুরী কিছু মেরামত ও রং এর কাজ করানো প্রয়োজন। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে কয়েকজন কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠন করে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও রং করানোর কাজ করা যেতে পারে। এতে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন।</td><td>১। সভায় বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে ৫টি সাবমারসিবল পাম্প ক্রয় করে উল্লেখিত স্থানসমূহে স্থাপন এবং ব্যয়িত অর্থ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর অনুচ্ছেদ ৩ এর "ট"(পানির পাম্প রক্ষণাবেক্ষণ/মেরামত) খাতের বিপরীতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় মেরামত ও রংয়ের কাজ করানো সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত।</td><td>উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা, পলাশ, নরসিংদী।<br><br>ঐ</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | <u>উপজেলা পরিষদের অভ্যন্তরে পানি নিষ্কাশনের ড্রেন মেরামত ও সংস্কার সংক্রান্ত আলোচনা ঃ</u> উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে পানি নিষ্কাশনের যেসব ড্রেন রয়েছে সেগুলোর বেশিরভাগ স্থানে ভেঙে যাওয়ায় ও ভরাট হয়ে যাওয়ার কারণে বৃষ্টির পানি বিভিন্ন স্থানে জমে থাকে। এতে বাসবাড়িতে বসবাসরত লোকজনসহ অন্যান্য সকলেরই চলাচলে অসুবিধার সৃষ্টি হয়। তাই জরুরী ভিত্তিতে ড্রেনগুলো মেরামত ও সংস্কার করা প্রয়োজন। এমতাবস্থায়, কয়েকজন কর্মকর্তার সমন্বয়ে কমিটি গঠন করে জরুরী ভিত্তিতে ড্রেনগুলো মেরামত ও সংস্কার করা যেতে পারে। এতে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ৩। সভায় বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদের অভ্যন্তরের পানি নিষ্কাশনের ড্রেনসমূহ মেরামত ও রংয়ের কাজ করানো সিদ্ধান্ত গৃহীত হয় এবং উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত। | |

এছাড়া সভায় উপস্থিত অন্যান্য বিভাগীয় কর্মকর্তাগণ তাঁদের নিজ-নিজ বিভাগের কার্যক্রম এর বিষয়ে জানান যে তাঁদের বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। শেষে সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/০৭/২১

সৈয়দ জাবেদ হোসেন
চেয়ারম্যান
পলাশ উপজেলা পরিষদ
নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২১- ৪০২/১ তারিখ ঃ ১২-০৭-২০২১ খ্রিঃ।
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। মাননীয় সংসদ সদস্য, নরসিংদী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, নরসিংদী।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নরসিংদী।

১২/০৭/২১

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।

স্মারক নং-প- ০৫.৩০.৬৮৬৩.০০৮.০১.০০১.২১- ৪০২/১ তারিখ ঃ ১২-০৭-২০২১ খ্রিঃ।
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
২। মেয়র, ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।
৩। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পলাশ, নরসিংদী।
৪। উপজেলা ............................................... (সকল) কর্মকতা, পলাশ, নরসিংদী।
৫। চেয়ারম্যান ....................................... (সকল) ইউনিয়ন পরিষদ, পলাশ, নরসিংদী।
৬। জনাব ....................................................................... পলাশ, নরসিংদী।

১২/০৭/২১

ফারহানা আফসানা চৌধুরী, পিএএ
উপজেলা নির্বাহী অফিসার
পলাশ, নরসিংদী।